

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০১৫.২০২১. ৫৭

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব এস এম আকরামুল কবির (০১৫৯৩২), সহকারি অধ্যাপক (ইংরেজি), বরুড়া শহীদ স্মৃতি সরকারি কলেজ, কুমিল্লা গত ২৩/১০/২০১৬ খ্রিস্টাব্দ হতে ৩১/০১/২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর ০৩ (তিন) মাস ০৮ (আট) দিন ও অতিরিক্ত ০১ (এক) মাস ১০ (দশ) দিন ছুটিসহ সর্বমোট ০৩ (তিন) বছর ০৪ (চার) মাস ১৮ (আঠারো) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন। পরবর্তীতে বিধি অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় এবং তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানোর জবাব প্রদান করার পর জবাব সন্তোষজনক না হওয়ায় এবং বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) মোতাবেক “চাকুরি হতে অপসারণ (Removal from Service)” করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তের সাথে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন একমত পোষণ করে;

যেহেতু, মহামান্য রাষ্ট্রপতি জনাব এস এম আকরামুল কবির-কে চাকুরি হতে অপসারণের সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব এস এম আকরামুল কবির (০১৫৯৩২), সহকারি অধ্যাপক (ইংরেজি), বরুড়া শহীদ স্মৃতি সরকারি কলেজ, কুমিল্লা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) মোতাবেক “চাকুরি হতে অপসারণ (Removal from Service)” করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ২৭/১১/২০২২
(মোঃ আবু বকর হিদ্দীক)
সচিব


চলমান পাতা-০২

নম্বর- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০১৫.২০২১. ৬৭/২(৩০)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব এস এম আকরামুল কবির এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ, বরুড়া শহীদ স্মৃতি সরকারি কলেজ, কুমিল্লা।
- ✓ ৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
১০. জনাব এস এম আকরামুল কবির (০১৫৯৩২), সহকারি অধ্যাপক (ইংরেজি), বরুড়া শহীদ স্মৃতি সরকারি কলেজ, কুমিল্লা।


২৬.১১.২০২২
(আবু সাঈদ মো: ফজলে এলাহী)
উপসচিব
ফোন: ২২২৩৩৫৪২৬৫